# শ্যামনগর উপজেলা পরিষদের ৫ম মাসিক সভার কার্যবিবরণী আগষ্ট’২০১৯

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ২৮.০৮.২০১৯ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-‘‘ক” দ্রষ্টব্যঃ**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>গত সভার কার্যবিবরণী দৃঢ়করন</td><td>সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন।</td><td>সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২.</td><td>নতুন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা সংক্রান্ত</td><td colspan="2">উপজেলা নির্বাহী অফিসার জানান যে,<br>১. স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১শাখার গদ ১৯/০৮/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-৬২৯ নং পত্রে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর অর্থায়নে উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা’২০১৪ অনুযায়ী উপজেলা পরিষদের প্রকল্প প্রণয়ন, চুড়ান্তকরণ ও বাস্তবায়নের জন্য নিম্নোক্ত নির্দেশিকা পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্রম</th><th>নির্দেশনা</th><th>বাস্তবায়ন সময়সীমাা</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা পরিষদের প্রকল্প গ্রহণ ও চুড়ান্ত তালিকা প্রণয়ন</td><td>পূর্ববর্তী অর্থ বছরের ৩১ মার্চ মাসের মধ্যে</td></tr>
<tr><td>২.</td><td>গৃহিত ও চুড়ান্ত প্রকল্প তালিকা ডিডিএলজি’র নিকট প্রেরণ</td><td>চলতি অর্থ বছরের ৩০ অক্টোবর তারিখের মধ্যে</td></tr>
<tr><td>৩.</td><td>প্রকল্পের টেন্ডার কার্যক্রম</td><td>১ম কিস্তিতে প্রাপ্ত আয় অর্থের ৪গুন+১০% অধিক অর্থের মধ্যে প্রকল্প গ্রহণ ও ৩১ জানুয়ারী তারিখের মধ্যে টেন্ডার কার্যক্রম সমাপ্তকরণ</td></tr>
<tr><td>৪.</td><td>৪র্থ কিস্তির অর্থ প্রাপ্তি</td><td>গৃহিত প্রকল্প বাস্তবায়নের ২য় কিস্তি পর্যন্ত প্রাপ্ত অর্থের ব্যয় সম্পর্কিত প্রতিবেদন ২৮ ফেব্রুয়ারী তারিখের মধ্যে ডিডিএলজি বরাবর প্রেরণ করতে হবে। যে সকল উপজেলা পরিষদ ২য় কিস্তি পর্যন্ত প্রাপ্ত অর্থ ব্যয়ে সক্ষম হবেনা, সে সকল উপজেলার ৪র্থ কিস্তির বরাদ্দ কর্তন করে অনান্য উপজেলায় (ব্যয়ে সক্ষম) বিশেষ বরাদ্দ হিসেবে প্রদান করা হবে।</td></tr>
<tr><td>৫.</td><td>গৃহিত প্রকল্পের বাস্তবায়ন কাজ সমাপ্তকরণ</td><td>চলতি অর্থ বছরের ৩১ মে তারিখের মধ্যে</td></tr>
<tr><td>৬.</td><td colspan="2">স্থানীয় সরকার বিভাগ হতে অর্থ বরাদ্দ না পাওয়া পর্যন্ত ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ প্রদান করা যাবে না।</td></tr>
<tr><td>৭.</td><td colspan="2">যে সকল উপজেলা পরিষদ নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক এডিপি’র অর্থ ব্যয় করতে পারবে না, সে সকল উপজেলা পরিষদে ভবিষ্যতে অর্থ বরাদ্দের ক্ষেত্রে তাদের অপারগতা/ব্যর্থতার বিষয়টি বিবেচনা করা হবে।</td></tr>
</table>
সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচান হয়। আলোচনান্তে প্রাপ্ত নির্দেশিকা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>৩.</td><td>মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারী পরিপত্র এবং বিধি অনুসরন করে উপজেলা পরিষদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন।</td><td>মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপদেশ সকল দপ্তরকে যথাযথভাবে পালনের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।</td><td>সংশিষ্ট দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>৪.</td><td>আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন)</td><td colspan="2">১। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিমোক্ত কাজ সম্পন্ন হয়েছে-<br>১. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস স্থানান্তর, নতুন অফিস মেরামত, বৈদ্যুতিক মেরামত, বিবিধ এবং পরিসংখ্যান অফিসের মালামাল স্থানান্তর ৫৪,০০০/- টাকা।<br>২. উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে টেলিফোনের তার ক্রয়-১২৫০/- টাকা।<br><u>সিদ্ধান্ত ঃ</u> সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্দ্ধ-১৭)২০১৯ (কিশোর-কিশোরী) পরিচালনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ হতে নক আউট পদ্ধতিতে ফুটবল টুর্নামেন্ট শুরু হবে। টুর্নামেন্টটি আয়োজনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামনগর ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা চেয়ে আবেদন করেছেন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>**সিদ্ধান্ত** : বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্দ্ধ-১৭)২০১৯ (কিশোর-কিশোরী) আয়োজনের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস আধুনিকায়ন, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন সংস্কার (মালঞ্চ ভবন) এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সিসি করনের জন্য মোট ২৯,৮৯,২১৯ (উনত্রিশ লক্ষ উন নব্বই হাজার দুইশত উনিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উল্লেখিত প্রকল্প বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন গ্রহন করা প্রয়োজন। প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ মুজদ আছে মর্মে তিনি সভাকে জানান। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন গ্রহন করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে **উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস আধুনিকায়ন, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন সংস্কার (মালঞ্চ ভবন) এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সিসি করনের** জন্য মোট ২৯,৮৯,২১৯ (উনত্রিশ লক্ষ উন নব্বই হাজার দুইশত উনিশ) টাকার প্রকল্পটি বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।<br>**বাস্তবায়নে** : উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, শ্যামনগর, সাতক্ষীরা। | |
| ৫. | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) | ১. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম কিস্তির ২৮,০৬,০০০/- (আঠাশ লক্ষ ছয় হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। চলতি অর্থ বছরে ৪কিস্তিতে মোট সম্ভাব্য বরাদ্দের পরিমান ১,১২,২৪,০০০/- (এক কোটি বার লক্ষ চব্বিশ হাজার) টাকা হতে পারে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা'২০১৪ মোতাবেক প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সবাইকে অবহিত করেন। প্রকল্প দাখিলে পর যাচাই বাছাই কমিটি হতে বাছাইকৃত প্রকল্প তালিকা উপজেলা পরিষদ মাসিক সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।<br>**সিদ্ধান্ত** : সভায় বিস্তারিত আলোচনা শেষে দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, এডিপির অর্থায়নে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নে জনগুরুত্বপূর্ন প্রকল্পসমূহ দাখিল করতে হবে। সংযোগ রাস্তার সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া দ্রুত প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন। | উপজেলা পরিষদ |
| ৬. | শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয় হতে শ্যামনগর উপজেলা পরিষদের সম্মুখ পর্যন্ত রাস্তার পথ বাহির করন সংক্রান্ত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, নকিপুর-নূরনগর রাস্তা হতে আতরজান মহিলা কলেজ ও আনোয়ারা খাতুন মহিলা মাদ্রাসার সম্মুখ দিয়ে উপজেলা পরিষদের সম্মুখে মুক্তিযোদ্ধা সড়ক পর্যন্ত সংযোগ সড়কটির মুক্তিযোদ্ধা সড়ক সংলগ্ন কাজ কিছু অংশ রাস্তা উন্মুক্ত করনের জন্য এলাকাবাসী আবেদন করেছে এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য উক্ত রাস্তা উন্মুক্ত করার জন্য সুপারিশ করেছেন। বিভিন্ন পত্র পত্রিকায় রাস্তাটির গুরুত্ব তুলে ধরে খবর প্রকাশিত হওয়ায় সাতক্ষীরার বর্তমান জেলা প্রশাসক মহোদয় মতামত প্রদানের জন্য উপজেলা প্রশাসনকের অনুরোধ জানিয়েছেন। উপজেলা প্রশাসন সরেজমিন পরিদর্শন করেছেন। পরিদর্শনান্তে দেখা যায় যে, রাস্তাটি উন্মুক্ত হলে শ্যামনগর আতরজান মহিলা মহাবিদ্যালয়, আনোয়ারা খাতুন মহিলা মাদ্রাসা, জোবেদা সোহরাব মডেল একাডেমি, প্রাথমিক বিদ্যালয়, কেন্দ্রীয় আলিয়া মাদ্রাসা, হায়বাতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্যামনগর সরকারী মহসিন কলেজ, নকিপুর সরকারী এইচ সি পাইলট মাধ্যমিক বিদ্যালয়, শ্যামনগর মডার্ন স্কুল ও নকিপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীরা ব্যস্ততম সড়ক ও জনপদ ব্যতিত বিকল্প রাস্তা হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াত করতে পারবে। এছাড়াও শ্যামনগর, নূরনগর, কৈখালী, রমজাননগর, ঈশ্বরীপুর, মুন্সীগঞ্জ,বুড়িগোয়ালিনী, গাবুরা, আটুলিয়া ইউনিয়নের সাধারণ মানুষ বিকল্প সড়ক হিসাবে ব্যবহার করে উপজেলা পরিষদ স্বাস্থ্য কমপ্লেক্স, প্রাণিসম্পদ অফিসে যাতায়াতসহ বিভিন্ন কার্যক্রম করতে পারবে। তিনি আরও জানান শ্যামনগর সদরে কোন রাজনৈতিক মিছিল-মিটিং, সমাবেশ হলে যানজটের কারনে মুমূর্ষ রোগী বহকারী এ্যাম্বুলেন্স ও সাধারন জনগণের হাসপাতাল সহ উপজেলা পরিষদে যাতায়াতের ভীষন কষ্ট হয়। ফলে জনস্বার্থে রাস্তাটি উন্মুক্ত করনের আশু প্রয়োজন। চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য শেষে উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানগণ, অফিসারবৃন্দ উক্ত রাস্তার গুরুত্ব অনুধাবন করে উন্মুক্ত করনের জন্য একমত পোষন করেন।<br><br>সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নকিপুর-নূরনগর রাস্তা হতে আতরজান মহিলা কলেজ, আনোয়ারা খাতুন মহিলা মাদ্রাসা সম্মুখ দিয়ে উপজেলা পরিষদের সম্মুখসহ মুক্তিযোদ্ধা সড়ক পর্যন্ত রাস্তাটির উত্তরাংশে বন্ধ রাস্তা মাপ জরিপ কতরঃ উপজেলা পরিষদের মাধ্যমে সম্পূর্ন্ন জনস্বার্থে অধিগ্রহন করার সর্ব্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর ও উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৭. | উপজেলা পরিষদের বাসাবাড়ীর, বিভিন্ন অফিসের ভাড়া আদায় সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন সরকারী আবাসিক বাসভবন, ডরমেটরি আছে, যেগুলি থেকে প্রাপ্ত আয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা হওয়ার বিধান আছে। এসকল আবাসিক বাসভবন, ডরমেটরি এবং বিভিন্ন অফিসের ভাড়া ঠিকমত আদায় হচ্ছে কিনা এবিষয়ে তদারকি করতে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলী |

<table>
<tr><td>৮.</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td colspan="2">১। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পো (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপ-প্রকল্প প্রস্তাবনা পাওয়া গেছে। উপ-প্রকল্পগুলির অনুমোদনের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবিত বাজেট</th></tr>
<tr><td>১.</td><td>শ্যামনগর উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সমবায়ীদের মাঝে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ</td><td>১,৮৫,০০০/-</td></tr>
<tr><td>২.</td><td>পল্লী চিকিৎসকদের সক্ষমতা বৃদ্দির লক্ষ্যে এন্টিবায়োটিকের সুষ্ঠ ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ</td><td>১,৮৫,০০০/-</td></tr>
<tr><td>৩.</td><td>বসতবাড়ির আঙিনায় কীটনাশকমুক্ত সবজি চাষের উপর প্রশিক্ষণ</td><td>১,৫০,০০০/-</td></tr>
<tr><td>৪.</td><td>টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা উন্নয়নে (এসডিজি) করনীয় সম্পর্কে সরকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ</td><td>১,৫০,০০০/-</td></tr>
<tr><td>৫.</td><td>আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে শিক্ষিত বেকার ৩০ জন পুরুষ এবং ১০ জন মহিলাকে ড্রাইভিং প্রশিক্ষণ</td><td>১,৪৫,০০০/-</td></tr>
<tr><td>৬.</td><td>ভোক্তা অধিকার আইন, তথ্য অধিকার আইন, সোশাল নেটওয়ার্কের সুষ্ঠ ব্যবহার নিয়ে কর্মশালা এবং সেমিনার</td><td>১,৮৫,০০০/-</td></tr>
</table>
<u>সিদ্ধান্ত</u> : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপরোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>৯.</td><td>ইনোভেশন</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের সকল দপ্তরে কর্মকর্তাদের উপজেলা পরিষদের অর্থায়নে আধুনিক অর্নারবোর্ড নির্মান করে দেওয়া যায় কিনা। উপজেলা পরিষদের সকল অফিসে কর্মকর্তাদের জন্য আধুনিক অর্নারবোর্ড প্রদানের জন্য সভায় মতামত প্রদান করেন।</td><td>সকল দপ্তরে উপজেলা পরিষদের অর্থায়নে কর্মকর্তাদের জন্য অর্নারবোর্ড প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং এবিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>১০.</td><td>একটি বাড়ী একটি খামার</td><td>সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার, শ্যামনগর বলেন যে, একটি বাড়ী একটি খামার অফিসের সামনের জায়গা নিচু হওয়ায় বর্ষা মৌসুমে পানি জমে চলাচলের সম্পন্ন অনপুযোগী হয়ে পড়ে। এছাড়া অফিসের সম্মুখে একটি গেট নির্মানের প্রয়োজনীয়তা উল্লেখ করে চেয়ারম্যান,উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষন করেন।</td><td>উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়।</td><td>সমন্বয়ক, একটি বাড়ী একটি খামার</td></tr>
<tr><td>১১.</td><td>নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ</td><td>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়।</td><td>ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>১২.</td><td>চেয়ারম্যান, ভুরুলিয়া ইউপি</td><td>চেয়ারম্যান, ভুরুলিয়া ইউপি সভায় অনপুস্থিত।</td><td>মাসিক সভায় উপস্থিত হতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৩.</td><td>চেয়ারম্যান, কাশিমাড়ী ইউপি</td><td>চেয়ারম্যান, কাশিমাড়ী ইউপি সভায় অনপুস্থিত।</td><td>মাসিক সভায় উপস্থিত হতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৪.</td><td>চেয়ারম্যান, শ্যামনগর ইউপি</td><td>চেয়ারম্যান, শ্যামনগর সদর ইউপি সভায় অনপুস্থিত।</td><td>মাসিক সভায় উপস্থিত হতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৫.</td><td>চেয়ারম্যান, নূরনগর ইউপি</td><td>চেয়ারম্যান, নূরনগর প্রতিনিধি সভায় বলেন যে, তার ইউনিয়নে সকল কাজ সুষ্ঠভাবে চলছে।</td><td>ইউনিয়ন ভিত্তিক সকল কাজের তদারকি এবং উন্নয়নমূলক কাজের গতি বাড়াতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৬.</td><td>চেয়ারম্যান, কৈখালী ইউপি</td><td>চেয়ারম্যান, কৈখালী ইউপি সভায় অনপুস্থিত।</td><td>মাসিক সভায় উপস্থিত হতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৭.</td><td>চেয়ারম্যান, রমজাননগর ইউপি</td><td>চেয়ারম্যান, রমজাননগর ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়নে সকল কাজ সুষ্ঠভাবে চলছে।</td><td>ইউনিয়ন ভিত্তিক সকল কাজের তদারকি এবং উন্নয়নমূলক কাজের গতি বাড়াতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৮.</td><td>চেয়ারম্যান, মুন্সীগঞ্জ ইউপি</td><td>চেয়ারম্যান, মুন্সীগঞ্জ ইউপি সভায় বলেন যে, তার ইউনিয়নে সকল কাজ সুষ্ঠভাবে চলছে।</td><td>ইউনিয়ন ভিত্তিক সকল কাজের তদারকি এবং উন্নয়নমূলক কাজের গতি বাড়াতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>১৯.</td><td>চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি</td><td>চেয়ারম্যান, ঈশ্বরীপুর ইউপি সভায় অনপুস্থিত।</td><td>মাসিক সভায় উপস্থিত হতে হবে।</td><td>ইউপি চেঃ</td></tr>
<tr><td>২০.</td><td>চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি</td><td>চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে,<br>১. দাতিনাখালী আতিয়ার মোড়লের বাড়ীর সামনে ভয়াবহ পানি উন্নয়ন বোর্ডের বাঁধ ভাঙন এবং পূর্ব দূর্গাবাটি নেছার মালীর বাড়ীর সামনে পানি উন্নয়ন বোর্ডের বাঁধে ভাঙন দেখা দিয়েছে। দ্রুত মেরামতের জন্য পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষন করেন।</td><td>জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করা হয়।</td><td>ইউপি চেঃ</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২. বুড়িগোয়ালিনী ইউনিয়ন পরিষদ সংলগ্ন ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রটি একটি মডেল ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য সভায় মতামত প্রদান করেন। | সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ৩. সমাজসেবা দপ্তর কর্তৃক বিভিন্ন ভাতাভোগির টাকা প্রাপ্যতার ক্ষেত্রে ব্যাংক এশিয়ার সেবার মান আরও সহজলোভ্য করার জন্য সমাজসেবা অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | | ৪. শ্যামনগর সদর হাসপাতালের পেছনে যে রাস্তাটি আছে, সেটি মেইন রাস্তার সাথে সংযোগ করনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আর্কষন করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ২১. | চেয়ারম্যান, আটুলিয়া ইউপি | চেয়ারম্যান, আটুলিয়া ইউপির প্রতিনিধি সভায় বলেন যে, তার ইউনিয়নে সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | ইউনিয়ন ভিত্তিক সকল কাজের তদারকি এবং উন্নয়নমূলক কাজের গতি বাড়াতে হবে। | ইউপি চেঃ |
| ২২. | চেয়ারম্যান, পদ্মপুকুর ইউপি | চেয়ারম্যান, পদ্মপুকুর ইউপি সভায় বলেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বরাদ্দ পাওয়ার পর মাসিক সভায় বরাদ্দ ঘোষনা করে দ্রুত ভিত্তিতে প্রকল্প গ্রহন এবং বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলীকে যথাযথ ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | ইউপি চেঃ |
| ২৩. | চেয়ারম্যান, গাবুরা ইউপি | চেয়ারম্যান, গাবুরা ইউপি সভায় অনপুস্থিত। | মাসিক সভায় উপস্থিত হতে হবে। | ইউপি চেঃ |
| ২৪. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে এবং বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়মিত তদারকি ও পরিদর্শন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মক র্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জুন'১৮ মাসের অগ্রগতি প্রতিবেদন ছক উপস্থাপন করেন-

| উপজেলার নাম | বিবরণ | প্রদর্শনী হে.মার স্থাপন (হে.) | মৎস্য আবাসস্থল উন্নয়ন (হে.) | বিল নার্সারি স্থাপন (হে.) | উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মে.টন) | মৎস্য চাষি/মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন (টি) | মৎস্য হ্যাচারী নিবন্ধন ও নবায়ন | মৎস্য খাদ্যমান পরীক্ষা | মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষনাবেক্ষণ (টি) | মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি) | জলবায়ু সহনশীল মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ (টি) | এসপিএফ চিংড়ি পোনা উৎপাদন/সরবরাহ (কোটি) | বছরব্যাপি বিশেষ মৎস্য সেবা প্রদান (মাসে ১টি) | মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত সুফলভোগীদের প্রশিক্ষণ | মৎস্যচাষী , মৎস্য জীবিদের প্রশিক্ষণ | রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রনে পরিদর্শন ও পরামর্শ প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| শ্যামনগর | লক্ষ্যমাত্রা | ১.০০ | ০.৫০ | ০.০০ | ০.৪০ | ৪৫০ | ৬ | ৫ | ০ | ৩৫ | ০ | ০ | ৫.০০ | ১৬০ | ১৫০ | ২০ |
| | অর্জন | | - | - | ৪.৪৫ | ৩৩ | - | - | - | ৩ | - | - | ৫.০০ | | | ২ |
| | ক্রমপুঞ্জিত | | - | - | ০.৪৫ | ৬৮ | | | | ৬ | | | - | | | ৪ |

**বি.দ্র.- অর্জন বলতে প্রতিবেদনাধীন মাসের অর্জন এবং ক্রমপুঞ্জিত অর্জন বলতে অর্থ বছরের শুরু হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট অর্জন বুঝাবে।**

২. যেসকল জেলেদের এখনো কার্ড হয়নি বা তালিকাভুক্ত হয়নি। তাদের জন্য কার্ড করা হবে। হালনাগাদের সময় সকল জেলেদের নাম অন্তর্ভূক্ত করা হবে। বন বিভাগ হতে বিএলসির তালিকা সংগ্রহ করা হলে ভাল হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের ড্রেনেজ ব্যবস্থা খুবই খারাপ। বর্ষা মৌসুমে পানি জমে হাসপাতাল চত্বর দূগন্ধ হয়ে যায়। | উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে পরিদর্শন পূর্বক আগামী মাসিক সভায় এবিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, শ্যামনগর উপজেলায় ১২টি ইউনিয়নে পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার কল্যাণ সহকারীগণ প্রতি মাসে ৪২টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে পরিবার পরিকল্পনা, গর্ভবর্তী, মা ও শিশু স্বাস্থ্য, বয়স সন্ধিকালীন সেবা প্রদান করছে। কিন্তু এসকল সেবা প্রদানের নিয়োজিত কর্মচারীদের জরুরী ভিত্তিতে নিম্নবর্নিত মালামাল প্রয়োজন।<br>১. ৪২টি স্যাটেলাইট ক্লিনিকে প্রয়োজনীয় আসবাবপত্র।<br>২. উঠান বৈঠাকের জন্য ৬৪টি ব্যানার।<br>৩. দূর্যোগ পরিস্থিতিতে সেবা প্রদানের লক্ষ্যে ৮০টি রেইন কোর্ট।<br>উপজেলা পরিষদের অর্থায়নের বর্নিত মালামালসমূহ প্রদানের জন্য সভায় মতামত প্রদান করেন। | চলতি ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী'র (এডিপি) অর্থায়নে একটি প্রকল্প গ্রহনের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ | সকলের সহায়তা কামনা করা হয় এবং সরকারী সকল বিধি অনুসরন করে খেলাধুলার কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | ফুটবল টুর্নামেন্ট (অনুর্দ্ধ-১৭)২০১৯ (কিশোর-কিশোরী) পরিচালনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক আগামী ০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ হতে নক আউট পদ্ধতিতে ফুটবল টুর্নামেন্ট শুরু হবে। এছাড়া আগামী ০৮.০৯.২০১৯ খ্রিঃ হতে ৪৮ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি শিক্ষা গ্রীষ্মকালীন খেলাধুলা-২০১৯ অনুষ্ঠিত হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, সরকারী সকল নিয়ম ও পরিপত্র যথাযথভাবে মেনে ভাতাভোগীদের ভাতা প্রদান করতে হয়। সমাজসেবা দপ্তর ইচ্ছে করলেই যে কোন নিয়ম পরিবর্ত করতে পারে না। | বিভিন্ন ভাতাভোগীদের ভাতা গ্রহনে সহজলোভ্য করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| | | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, শ্যামনগর উপজেলার যে সকল ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ডের ঝুকিপূর্ন্ন রাস্তা আছে, সেগুলি চিহ্নিত পূর্বক জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এছাড়া অধিক অধিক ঝুকিপূর্ন স্থানে খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে মর্মে তিনি সভাকে জানান। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন-

| সমিতি/ দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** | **৭** | **৮** | **৯** | **১০** | **১১** |
| ২৩৬ | ৫৩৮৬ | ২১৪৬ | ১৩৫৩.৪০ | ১২৭৪.৩৯ | ৯৯% | ৩.৭৫ | ১৩৩০ | ৬৩৮ | ৯ | ৫ |

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

**উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন-

| **সমিতি** | **প্রশিক্ষণ প্রদান** | | **২০১৭-১৮ নিরীক্ষা যোগ্য সমিতি** | | **নিরীক্ষা সম্পাদন** | | **সরকারী রাজস্ব অডিট ফি ও সিডিএফ ধার্য** | **সমিতির নিজস্ব তহবিল বিনিয়োগ (লক্ষ)** | **আদায় ও ট্রেজারী** | **সদস্যদের লভ্যংশ প্রদান (লক্ষ)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | **পুঃ** | **মঃ** | কেন্দ্র | প্রাথঃ | কেন্দ্র | প্রাথঃ | | | | |
| ২৩১ | ১২৫ | ১৩৫ | ১ | ২১৩ | ০১ | ২১৩ | ২৭৩৮৮০<br>১৮৫৪০০ | ৪৫৪৯.৭০ | ১০০%<br>১০০% | শেঃ ২২.২৮ সঞ্চয় ৯২.৮১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ ০৯** জুন২০১৯ তারিখ হতে ২০ জুন ২০১৯ পর্যন্ত সমগ্র বাংলাদেশ ব্যাপি কৃষি শুমারী'১৯ অনুষ্ঠিত হয়। সে মোতাবেক শ্যামনগর উপজেলায় শুমারী অনুষ্ঠিত হয়। উপজেলার সকল ইউনিয়নে কৃষি শুমারী অনুষ্ঠিত হয়। এই শুমারীতে উপজেলার সকল খানা গননায় অন্তর্ভূক্ত করা হয়। কৃষি শুমারীতে ৩৫৫ জন গননাকারী ৫৫জন সুপারভাইজার নিয়ে উপজেলাকে ৫টি জোনে বিভক্ত করে সুষ্ঠ ও সুন্দরভাবে শুমারী কার্যক্রম পরিচালনা করা হয়। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতায় শুমারী কার্যক্রম সম্পন্ন করা হয়। | বিস্তারিত আলোচনা শেষে শুমারি কার্যক্রমে সহায়তা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | World Vision Bangladesh কর্তৃক নবযাত্রা কর্মসূচী | সংশ্লিষ্ট কর্মকর্তা, World Vision, শ্যামনগর শাখা সভায় জানান যে, গত ১৮ মার্চ ২০১৯ শ্যামনগর উপজেলা শাখা World Vision অফিসে আগুন লেগে প্রচুর ক্ষতিসাধন হয়। World Vision অনেক সম্পত্তি পুড়ে ছাই হয়ে যায়। শ্যামনগর উপজেলায় একটি ফায়ার সার্ভিস স্টেশন করার জন্য সভায় মতামত প্রদান করেন। | শ্যামনগর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নির্মানের কাজ চলমান আছে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

## বিবিধ আলোচনা

০১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পর্যায়ে মডেল মসজিদ নির্মানের লক্ষ্যে বিদ্যমান মসজিদের স্থানে জায়গা নির্বাচন করা হয়। ইতোমধ্যে নির্মাণ সংস্থা কর্তৃক নির্বাচিত স্থানের গাছ অপসারনের জন্য প্রস্তাব করা হয়েছে। নির্বাচিত স্থানের বিভিন্ন প্রজাতির ৩৩টি জীবিত গাছ আছে। গাছগুলি অপসারনের লক্ষ্যে নিলামে ব্যবস্থা করা প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন মালিকানাধীন গাছ বিক্রয় সংক্রান্ত কমিটির ০৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখের সভার প্রস্তাব/সুপারিশ সভায় উপস্থাপিত হয়। সভায় বিষয়টি পর্যালোচনা করা হয়। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ১৫-০২-২০০৭ খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং পরিপত্রের আলোকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য জীবিত গাছ কর্তনের ক্ষেত্রে স্থাণীয় সরকার বিভাগের পূর্ব অনুমতি গ্রহনের নির্দেশনা আছে। ফলে বর্নিত কমিটির প্রস্তাব/সুপারিশ মোতাবেক গাছের মূল্য বাবদ ৪৪,৮৪০/- (চুয়াল্লিশ হাজার আটশত চল্লিশ) টাকা অনুমোদনসহ কমিটির প্রস্তাব অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া স্থানীয় সরকার বিভাগের পূর্ব অনুমতি গ্রহনের বিষয়ে সভায় পক্ষ থেকে জেলা প্রশাসক মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করা হয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে শ্যামনগর উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন/মালিকানাধীন গাছ বিক্রয় সংক্রান্ত কমিটির ০৪/০৮/২০১৯ খ্রিঃ তারিখের সভায় প্রস্তাব/সুপারিশ অনুমোদন করা হয় এবং বর্নিত স্থানে ৩৩টি জীবিত গাছ বিক্রির বিষয়ে স্থানীয় সরকার বিভাগের পূর্ব অনুমতি গ্রহনের জন্য জেলা প্রশাসক, সাতক্ষীরা মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষন করা হয়।

**বাস্তবায়নে :** উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, উপজেলা পরিষদের জীপ গাড়ীটির সঠিক রক্ষনাবেক্ষন এবং মেরামত করতে উপজেলা পরিষদের ৪র্থ মাসিক সভায় একটি কোটেশন কমিটি গঠন করা হয়। বর্নিত কমিটি বিধি মোতাবেক সকল কাজ সম্পন্ন করে উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত করতে কোটেশন বিজ্ঞপ্তি আহবান করেন। কোটেশন বিজ্ঞপ্তিতে চাহিত মালামাল সরবরাহ এবং মেরামতের জন্য সর্বনিম্ন দরপত্র নির্বাচিত হয় **মেসার্স শরিফুল অটোমোবাইল ওয়ার্কসপ, ইটাগাছা, সাতক্ষীরা।** এর দেওয়া সর্বমোট ২,৫০,৯৫০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার নয়শত পঞ্চাশ) টাকার দরপত্রটি সর্বনিম্ন ও দরপত্রে উল্লেখিত টাকার অংক যুক্তি সংগতিপূর্ণ মর্মে বিআরটিএ, সাতক্ষীরা, সার্কেল গত ২৫ আগষ্ট ২০১৯ খ্রিঃ তারিখের স্মারক নং- বিআরটিএ/সপঃ/ সাতঃ/২০১৯- ১০৯৫-এ প্রত্যয়ন প্রদান করেছেন। স্থানীয় সরকার বিভাগের পূর্ব অনুমতি গ্রহন সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের জীপগাড়ীর সুষ্ঠ রক্ষনাবেক্ষন এবং মেরামতের জন্য ২,৫০,৯৫০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয় করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করতে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের জীপগাড়ীর মেরামত/সার্ভিসিং করতে দরপত্র কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগের পূর্ব অনুমোদন গ্রহন করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,৫০,৯৫০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা করার জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়নে** : উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সারাদেশে ডেঙ্গুর প্রকোপ মারাত্মক আকার ধারন করেছে। সরকার ডেঙ্গু মোকাবেলায় নানা রকম পদক্ষেপ গ্রহন করছে। ডেঙ্গু প্রতিরোধে বাড়ি বাড়ি যেয়ে সচেতনতা তৈরী করতে উপস্থিত ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া যেসকল স্থানে এডিস মশার বংশ বিস্তার হতে পারে, সেকল স্থান পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সভায় মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত :** সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডেঙ্গু প্রতিরোধে বাড়ির আশপাশের ঝোপঝাড় পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, শ্যামনগর সদর ইউনিয়নে গোডাউন মোড় হতে শ্যামনগর সরকারী মহসীন কলেজ সংলগ্ন যমুনার দুপাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সাধারন জনগনের চলাচলের উপযোগী করতে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া খালের মধ্যে প্রচুর ময়লা আবর্জনা থাকায় পানি প্রবাহের সমস্যার সৃষ্টি হচ্ছে। শ্যামনগর সরকারী মহসীন কলেজ, আতরজান মহিলা মহাবিদ্যালয়সহ আশপাশের অনেক শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রী খাল সংলগ্ন রাস্তা দিয়ে চলাচল করে। অবৈধ স্থাপনা উচ্ছেদ হলে সাধারণ মানুষজন উপকৃত হবে।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে শ্যামনগর সদর ইউনিয়নে গোডাউন মোড় হতে শ্যামনগর সরকারী মহসীন কলেজ সংলগ্ন যমুনার দুপাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগরকে অনুরোধ করেন।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, শ্যামনগর উপজেলার অনেক জায়গায় কিছু মানুষ সরকারী নদী ও খালে অবৈধভাবে পাটা/বাঁধ দিয়ে নদী ও খালের পানির স্বাভাবিক প্রবাহে বিঘ্ন সৃষ্টি সহ মাছের জাটকা/রেণু নিধন করছে। যা আইনের দৃষ্টিতে অপরাধযোগ্য। ইতোমধ্যে, সাতক্ষীরা জেলা প্রশাসক মহোদয় তার জেলার সকল একসনা বন্দোবস্ত বাতিল করেছেন। অবৈধ দখল উচ্ছেদ করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন ও এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সকল সরকারী নদী ও খালে অবৈধভাবে স্থাপিত পাটা/বাঁধ আগামী এক মাসের মধ্যে সকল জনপ্রতিনিধি সহ স্ব স্ব এলাকার ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের সহযোগীতায় অপসারণের সর্ব্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে স্ব-স্ব ইউ,পি এর গ্রামপুলিশ দ্বারা অপসারণেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০১৯খ্রিঃ'র জুলাই মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ১১দিন এবং মহিলা ভাইস ১০ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০১৯খ্রিঃ'র আগষ্ট মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০১৯খ্রিঃ'র আগষ্ট মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যান ১১ দিনের ৫০০ টাকা হারে ৫৫০০/- এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০দিনের ৫০০ টাকা হারে মোট ৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার আহ্বান জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com


স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- (৫০) তারিখ ঃ ২৮.০৮.২০১৯ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা .....................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,...........................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ............................................................................

১০। অফিস কপি।


(মোঃ কামরুজজামান)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com